গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর: ৪৬.০৪২.০০০০.০০০.১১.০১০.১৭-৫৬২

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১ / ১২ মে ২০২৪

**বিষয়: ময়মনসিংহ জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।**

সূত্র: জেলা পরিষদ, ময়মনসিংহ এর স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.১৪.০১৭.১৮-৬৫০, তারিখ: ২০/০৩/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ যথাযথ অনুসরণপূর্বক জেলা পরিষদ, ময়মনসিংহ এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

| ক্রম | পদের নাম | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | ড্রাইভার | ১(এক)টি |
| ২. | অফিস সহায়ক | ১(এক)টি |
| ৩. | সুইপার | ১(এক)টি |

**শর্তাবলী:**

১. পদটি পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তবে আদালতের নির্দেশনা যথাযথ বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
২. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে তথ্য প্রদানকারী/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
৩. সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম, বেতন গ্রেড এবং সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
৪. পদ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ৬(ছয়) মাস এবং উক্ত মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
৫. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৬. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
৭. পদটি পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।

১২/৫/২০২৪


মাহবুবা আইরিন
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd


**বিতরণ:**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, ময়মনসিংহ।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।